

45908 - হায়েযের কারণে কাফ্ফারা রোযার ধারাবাহিকতা কর্তিত হয় না

প্রশ্ন

জনৈক নারী তার কোন এক গুনাহর কাফ্ফারা হিসেবে ধারাবাহিকভাবে দুই মাস রোযা পালন করছেন। তিনি জিজ্ঞেস করছেন যে, মাসিকের কারণে যে দিনগুলোতে তিনি রোযা রাখতে পারবেন না তিনি দুই মাস শেষ হওয়ার পর সেই দিনগুলোর রোযা কাযা পালন করবেন? কিংবা কী করবেন?

প্রিয় উত্তর

যে নারীর উপর দুই মাস লাগাতরভাবে রোযা রাখা আবশ্যিক হয়েছে হায়েয শুরু হলে তিনি রোযা রাখবেন না। হায়েয শেষ হলে তিনি রোযাগুলো পূর্ণ করবেন এবং হায়েযের দিনগুলোর রোযা কাযা পালন করবেন। এটি আলেমদের ইজমা।

ইবনে কুদামা (রহঃ) বলেন: “আলেমগণ এই মর্মে ইজমা করেছেন যে, লাগাতরভাবে রোযা রাখা যে নারীর উপর আবশ্যিক হয়েছে তিনি রোযাগুলো পরিপূর্ণ করার আগে তার হায়েয শুরু হলে তিনি পবিত্র হওয়ার পর সে রোযাগুলো কাযা পালন করবেন এবং বাকী রোযাগুলো রাখবেন। কেননা দুই মাসের মধ্যে হায়েয এড়ানো সম্ভবপর নয়; যদি না হায়েয বন্ধ হয়ে যাওয়ার বয়স পর্যন্ত বিলম্ব করা না হয়। এমনটি করলে রোযাকে বিপদেরসম্মুখীন করা হয়।”[আল-মুগনী (৮/২১)]

আল্লাহ্ই সর্বজ্ঞ।